73

# দৈনিক বাংলা


তারিখ 01 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬



বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র


## ২টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৯ জন শিক্ষকের পদ খালি

নিজস্ব সংবাদদাতা ঃ মাদারীপুর।– সরকারী নাজিম উদ্দিন কলেজে বর্তমানে ১৫টি শিক্ষকের পদশূন্য রয়েছে। ফলে, ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। শূন্য পদগুলির মধ্যে রয়েছে প্রভাষকের ৭টি পদ, সহকারী অধ্যাপকের ৪টি পদ, প্রদর্শকের ৩টি পদ এবং সহযোগী অধ্যাপকের ১টি পদ।

এছাড়া, মাদারীপুর ডনোভান সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষিকাসহ শিক্ষক/শিক্ষিকার ৪টি পদ শূন্য রয়েছে। ফলে, বিদ্যালয়টির শিক্ষাদান ব্যাহত হচ্ছে।